



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২



মোটরযান নিবন্ধন এবং রেট্রো-রিজিস্ট্রিত নাথারপ্রেট ও আরএফআইডি ট্যাগ সংযোজন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি

এতদ্বারা মোটরযান মালিককে অবহিত করা যাচ্ছে যে, সড়ক পরিবহন সেক্টরে শৃঙ্খলা জোরদারকরণে বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) মোটরযানে রেট্রো-রিজিস্ট্রিত নাথারপ্রেট এবং রেডিও ফ্রিকুয়েন্সি আইডেনটিফিকেশন (আরএফআইডি) ট্যাগ সংযোজন কার্যক্রম প্রবর্তন করেছে। গত ৩১ অক্টোবর ২০১২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শূভ উদ্বোধনের পর হতে বিভিন্ন ধরনের মোটরযানে এগুলো সংযোজন করা হচ্ছে। লক্ষ্য করা যাচ্ছে যে, কোনো মোটরযান এক জেলা/এরিয়ায় রেজিস্ট্রেশন করে তা অন্য জেলা/এরিয়ায় চলাচল করানো হচ্ছে এবং মোটরযান মালিক কর্তৃক ঐ জেলা/এরিয়া থেকে রেট্রো-রিজিস্ট্রিত নাথারপ্রেট ও আরএফআইডি ট্যাগ সংযোজনের জন্য আবেদনপত্র দাখিল করা হচ্ছে। এছাড়াও মোটরযানের মালিক বিশেষ করে মালিক প্রতিষ্ঠান হলে একই লটে অনেকগুলো মোটরযান একসাথে এক জেলা/এরিয়া থেকে রেজিস্ট্রেশন করা হচ্ছে। অর্থাৎ রেজিস্ট্রেশনের পর পরই সেগুলো ভিন্ন জেলা/এরিয়ায় বরাদ্দের মাধ্যমে বিতরণ করে ঐ সকল জেলা/এরিয়ায় সেগুলো চলাচল করানো হচ্ছে এবং রেট্রো-রিজিস্ট্রিত নাথারপ্রেট ও আরএফআইডি ট্যাগ স্থানান্তরের জন্য আবেদন করা হচ্ছে। এসকল আবেদন বিবেচনা ও নিষ্পত্তি করতে দীর্ঘ সময়ের প্রয়োজন হচ্ছে এবং নানা ধরনের প্রশাসনিক/ব্যবস্থাপনায় জটিলতা দেখা দিচ্ছে। এ জটিলতা এড়ানোর জন্য বরাদ্দপত্রানুযায়ী সেই জেলা/এরিয়ায় চলাচল করবে সেই জেলা/এরিয়া থেকেই রেজিস্ট্রেশন নম্বর গ্রহণ করতে হবে। ইতোমধ্যে যে জেলা/এরিয়া থেকে কোনো মোটরযান রেজিস্ট্রেশন সম্পন্ন করা হয়েছে, সেই জেলা/এরিয়া থেকেই রেট্রো-রিজিস্ট্রিত নাথারপ্রেট ও আরএফআইডি ট্যাগ সংযোজনের জন্য সংশ্লিষ্ট মালিককে অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য, যে সকল মালিক মোটরযানে এগুলো এখনও সংযোজন করেননি, আগামী ৩১ জানুয়ারি ২০২০ তারিখের মধ্যে সংশ্লিষ্ট বিআরটিএ অফিস থেকে এগুলো সংযোজন করে নেয়ার জন্য তাদেরকে অনুরোধ করা হলো। অন্যথায় রেট্রো-রিজিস্ট্রিত নাথারপ্রেট ও আরএফআইডি ট্যাগবিহীন মোটরযানের মালিক ও চালকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

পরিচালক (ইঞ্জিনিয়ারিং)